

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
 জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
 প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয় : ‘৪র্থ জাতীয় উন্নয়ন মেলা’ উদযাপন উপলক্ষে ৩০-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: আবু হেনো মো: রহমাতুল মুনিম
সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সভার তারিখ: ৩০-০৯-২০১৮ খ্রি.

সময় ও স্থান: দুপুর ১২.৩০ টা কক্ষ-১২১, ভবন-০৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সভার উপস্থিতি: পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) ১৯-০৯-২০১৮ তারিখের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান, ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা উপলক্ষে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) ও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)’র আওতাধীন কোম্পানিসমূহ জেলা/উপজেলায় স্টল দেয়াসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করেছে। ঢাকায় উন্নয়ন মেলার ভেন্যু আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুকূলে ২টি (১৫৭ ও ১৫৮ নং) এবং পদ্মা, মেঘনা ও যমুনা এই তিনি কোম্পানির জন্য ১টি মোট ৩টি স্টল বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির স্টলসমূহে ব্যবহারের জন্য এ বিভাগ হতে জ্বালানি সংশ্লিষ্ট সময়োপযোগী ৭টি প্লোগান নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত প্লোগানসমূহ ব্যবহারের জন্য দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহকে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ অব্যাহত রয়েছে। তাছাড়া, এ বিভাগের উন্নয়ন কার্যক্রমসমূহ নিয়ে ব্রিশিউর প্রকাশের নিমিত্ত একটি সফ্ট কপি (Soft Copy) প্রস্তুত করা হয়েছে। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক নির্ধারিত ‘সফট কপি’ থেকে প্রয়োজনীয় সংখ্যক বুকলেট ছাপানো এবং দেশব্যাপী মেলায় বিতরণের জন্য পেট্রোবাংলা, বিপিসি এবং অন্যান্য সংস্থা তাদের নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল সংস্থা/কোম্পানির নিকট প্রেরণ নিশ্চিত করতে পারে। তিনি আরো বলেন, ছাপানো ও বিতরণের খরচ সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর/কোম্পানি বহন করতে পারে। মেলার স্টলসমূহে On the Spot সেবা প্রদান এবং এ বিভাগের উন্নয়ন কার্যক্রমের ভিত্তিও প্রদর্শনের নির্দেশনা দপ্তর/সংস্থা/কোম্পানিকে প্রদান করা হয়েছে। এসকল কার্যক্রম সমন্বয়ের জন্য এ বিভাগের যুগ্মসচিব/উপসচিব পর্যায়ের ৮জন কর্মকর্তাকে ৮টি বিভাগে দায়িত্ব প্রদান করা হয়েছে। উন্নয়ন মেলার কার্যক্রমের অংশ হিসেবে এ বিভাগের ওয়েবসাইটে আলাদা Window খোলা হয়েছে। উক্ত Window-তে উন্নয়ন মেলার এ বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের অগ্রগতি নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে।

০২। ৪র্থ জাতীয় উন্নয়ন মেলার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় ও জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক ০৩ (তিনি) দিনব্যাপী অনুষ্ঠানসূচি প্রণয়ন করা হয়েছে। উপসচিব (প্রশাসন) উক্ত অনুষ্ঠানসূচি সভাকে অবহিত করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১৯-০৯-২০১৮ তারিখের সভার সিদ্ধান্ত ০১-১০-২০১৮ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে;
- আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে এ বিভাগের অনুকূলে বরাদ্দকৃত ১৫৭ ও ১৫৮ নং স্টল দৃষ্টিনন্দন ও আকর্ষণীয়ভাবে সাজাতে হবে;
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক ব্রিশিউর ছাপাখানা হতে ছাপানো, সংগ্রহ এবং সকল স্থানে বিতরণ ও মেলায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। ছাপানো ও বিতরণের খরচ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানি বহন করবে;
- এ বিভাগ কর্তৃক নির্ধারিত প্লোগানসমূহ এ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির অনুকূলে বরাদ্দকৃত স্টলসমূহে ব্যবহার করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ঙ. বিপিসি/পেট্রোবাংলা/কোম্পানিসমূহ হতে জেলা/উপজেলায় অনুষ্ঠেয় মেলার কার্যক্রম মনিটরিং এর জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে;
- চ. মেলায় সময়ের জন্য দায়িত্বপ্রাপ্ত জালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তাগণ নিয়মিতভাবে কেন্দ্রীয় কমিটিকে কার্যক্রম অবহিত করবেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

০২-১০-২০১৮

(আবু হেনা মো: রহমাতুল মুনিম)

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রশাসন-১ অধিশাখা


www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.৯৯.০৯৬.১৮. ১৭৭৮

তারিখ : ১৭ আশ্বিন ১৪২৫
০২ অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়):

- চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), ঢাক্কাম।
- চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
- অতিরিক্ত সচিব, বু ইকোনমি সেল, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।
- মহা-পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইস্টেটিউট (বিপিআই), ঢাকা।
- সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- মহা-পরিচালক, হাইকোর্টার্বন ইউনিট, ঢাকা।
- সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
- মহা-পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
- পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি), ঢাকা।
- প্রধান বিক্ষেপক পরিদর্শক, বিক্ষেপক পরিদণ্ডন, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বিজিডিসিএল/জেজিটিডিএসএল/পিজিসিএল/কেজিডিসিএল/বিজিএফসিএল/এসজিএফএল/জিটিসিএল/বাপেক্স/আরপিজিসিএল/বিসিএমসিএল/এমজিএমসিএল/এসজিসিএল/পদ্মা অয়েল কো: লি:/মেঘনা পেট্রোলিয়াম লি:/যমুনা অয়েল কো: লি:/ইআরএল/এলপিজি, এসওসিএল, ঢাকা।


Md. Kamrul Islam, ১০. ১৮
(মোহাম্মদ কামরুজ্জামান)
উপসচিব
ফোন: ৯৫১৪১৬৫